

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

পিএসডি সার্কুলার লেটার নং- ০৭/২০২১

তারিখঃ ৩ আষাঢ় ১৪২৮  
১৭ জুন ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
সকল তফসিলি ব্যাংক  
প্রধান কার্যালয়

প্রিয় মহোদয়,

**কোভিড-১৯ উদ্ভূত পরিস্থিতিতে নিরবচ্ছিন্ন ব্যাংকিং ও পরিশোধ সেবা কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন (ডিওএস) কর্তৃক ১৬-০৬-২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং- ২৫ মোতাবেক ব্যাংকিং সেবা চালু রাখা এবং এ বিভাগের ৩০-০৫-২০২১ তারিখের পিএসডি সার্কুলার লেটার নং- ০৬/২০২১ এর অনুবৃত্তিক্রমে দৈনন্দিন বিশেষ ব্যাংকিং সেবা প্রদানের নিমিত্তে পরিশোধ প্ল্যাটফর্মগুলোর কার্যক্রম পরিচালনার সময়সীমা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো:-

(১) Bangladesh Automated Clearing House (BACH) এর মাধ্যমে লেনদেন:

ক) BACPS এর High Value Clearing- Presentment Cut off Time- 12.00 PM

Return Cut off Time- 02.30 PM

Regular Value Clearing- Presentment Cut off Time- 12.30 PM

Return Cut off Time- 4.00 PM

খ) উপর্যুক্ত দিনসমূহে BEFTN এর দু'টি সেশন পূর্বের সময়সূচি অনুযায়ী চালু থাকবে।

(২) Real Time Gross Settlement (RTGS) এর মাধ্যমে লেনদেন:

সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ৩.৩০ ঘটিকা পর্যন্ত।

এ সময়সীমা পরবর্তী নির্দেশনা প্রদানের পূর্ব পর্যন্ত বলবৎ থাকবে।

আপনাদের বিশ্বস্ত,



(মুহম্মদ বদিউজ্জামান দিদার)

উপমহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০৬১১